

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখা, ঠিকানা- ইমাম ময়ানশন, ৫০৪, আন্দরকিল্লা, থানা- কোতয়ালী, জেলা- চট্টগ্রাম এর ঋণগ্রহীতা মেসার্স সিদ্দিক ট্রেডার্স, প্রোপাইটর- মোহাম্মদ আবু সাঈদ চৌধুরী, পিতা- মরহুম আবু সিদ্দিক চৌধুরী, মাতা- মোছাঃ খুরশীদ আরা বেগম, ঠিকানাঃ সাং- জে. এস প্লাজা, ২৩৪ (২য় তলা), টেরিবাজার, ডাকঘর- জি.পি.ও., থানা- কোতয়ালী, জেলা- চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৯/০৫/২০১৫ ইং তারিখ পর্যন্ত সিসি (হাইপো) ঋণ ও এল.টি. আর ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১১,০৮,৩৯,৪৬৬.৮৯ (কথায়ঃ এগারো কোটি আট লক্ষ উনচল্লিশ হাজার চারশত ছেষটি টাকা উননব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল**

১। District- Chittagong, P.S- Katwali, Mouza- Anderkilla of R.S-Khatain No.  $\frac{301}{309}$ , R.S. Plot No. 1025 (P) R.S. Khatain  $\frac{699}{706}$ , R.S. Plot No. 1023/1024 (Part), P.S. Khatain No.  $\frac{584}{733}$  part of P.S. Plot No.1733, Part of P.S. Khatain No.  $\frac{585}{774}$ , P.S. Plot No.1732, B.S. Khatain No.88, B.S. Mutation Khatain No. 88/1, B.S. Plot No. 1953, measuring an area of land 1 gonda, 5  $\frac{2}{6}$  danya or 2.13 decimal at of Bhati land along with 2 storied building of 984 sft, Holding No.16 of Bakshirhat Mahalla & Postal Plot No.359.

২। District- Chittagong, P.S- Katwali, Mouza- Anderkilla, R.S-Khatain No.559, R.S. Plot No. 538, P.S. Khatain No.295, PR.S. Plot No. 1113, B.S. Khatain No.528, B.S. Plot No.1044, measuring an area of land 3 kara and 2  $\frac{4}{8}$  danta or 1.88 decimals along with 7 storied building of 648 sft thereon.

৩। District- Chittagong, P.S- Doble mooring (old), at present- Pahartali, Mouza- South Kattali, J.L No.2, R.S.Khatain No.1597,1598, 1539 & 1538, P.S. Khatain No.  $\frac{1529}{1598}$ ,  $\frac{1528}{1597}$ ,  $\frac{1492}{1538}$ , R.S. & P.S Plot No. 988, 1027, 1028, 1029, 1031, 1043, 1044, 1046, 1082, B.S. Khatain No. 22, 407, 1319, B.S. Mutation No.1712, B.S. Plot No. 277, 287, 290, 281, 301, specific possession on B.S. Plot No. 277, 281, measuring an area of land 35.70 decimals.

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ২৩/০৭/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম।